



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 9130969, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.৬৫৫.১৮৬১

সেপ্টেম্বর ১২, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক
সকল সদস্য মিল বিটিএমএ ।

বিষয়: ই-পেমেন্ট বাধ্যতামূলককরণ সংক্রান্ত কাস্টম হাউস, চট্টগ্রাম-এর "গণবিজ্ঞপ্তি" প্রসঙ্গে ।

জনাব,

উপরোক্ত বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম থেকে প্রাপ্ত গণবিজ্ঞপ্তি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো । উল্লেখ্য যে আমদানি-রপ্তানিকারকদের আগামী ১৫-০৯-২০২১ইং তারিখের মধ্যে ই-পেমেন্টের মাধ্যমে গুরু-করাদি, ফি, চার্জ প্রভৃতি পরিশোধ নিশ্চিত করার অনুরোধ করা হয় ।

আলী আহমাদ
ডেপুটি সেক্রেটারী ।

"উন্নয়নের অঞ্জলি রাজস্ব"

"জনকল্যাণে রাজস্ব"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

Web: www.chc.gov.bd E_mail: customhousectg@gmail.com



গণবিজ্ঞপ্তি

বিষয়: ই-পেমেন্ট বাধ্যতামূলককরণ সংক্রান্ত ।

এতদ্বারা সম্মানিত সকল আমদানিকারক ও তাদের মনোনীত C&F agent দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস কম্পিউটার সিস্টেম (ASYCUDA World)-এর মাধ্যমে ব্যবস্থিত আমদানি-রপ্তানি পণ্যচালান সংশ্লিষ্ট দুই লক্ষ টাকার বেশী রাজস্ব (গুরু-করাদি, ফি, চার্জ প্রভৃতি) ০১ জুলাই, ২০২১ খ্রিঃ থেকে ইলেক্ট্রনিক মাধ্যমে (ই-পেমেন্ট) পরিশোধ বাধ্যতামূলক করা হয়েছে। এ বিষয়ে ইতোপূর্বে সংশ্লিষ্ট সকলকে গণবিজ্ঞপ্তির মাধ্যমে একাধিকবার অবহিত করা হয়েছে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু কতিপয় আমদানি-রপ্তানিকারক ও তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্ট ই-পেমেন্টের মাধ্যমে রাজস্ব পরিশোধ সংক্রান্ত আদেশটি পরিপালন করছেন না।

এমতাবস্থায়, সকল আমদানি-রপ্তানিকারক, সিএন্ডএফ এজেন্টসহ সংশ্লিষ্ট সকলকে আগামী ১৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ই-পেমেন্টের মাধ্যমে গুরু-করাদি, ফি, চার্জ প্রভৃতি পরিশোধ ১০০% নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। ই-পেমেন্টের মাধ্যমে অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ার কারণে পণ্য খালাসে বিলম্ব হলে তার দায়ভার সংশ্লিষ্ট আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠান বা তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্টকে বহন করতে হবে।

প্রয়োজনে যোগাযোগ করুন

স্ব-স্ব ব্যাংক	
কাস্টম হাউস, চট্টগ্রাম	: ০১৭৪০-৮৪৬৩৭৭ (অপারেশন ম্যানেজার) ০১৮১৯-৮৪৯০১৬ (সহকারী প্রোগ্রামার) ০১৫১৫-২৯৮৫০৮ (সহকারী প্রোগ্রামার)
সোনালী ব্যাংক লিমিটেড	: ০১৭১৩-৭৫৮৫১১ (২৪/৭) ০২-২২৩৩৫৬৩৭৪ (সকাল ১০টা-সন্ধ্যা ৬টা)
বাংলাদেশ ব্যাংক	: ০২-৯৫৩০৭৫৬ (সকাল ১০টা-সন্ধ্যা ৬টা)
জাতীয় রাজস্ব বোর্ড	: ০১৭৪২-২৫৪৫৩৭ (সকাল ১০টা-সন্ধ্যা ৫টা)